



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- সিবিবো/পরীক্ষক/২৬/১০১৩

তারিখ : ০৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ

১৮ মে, ২০২৬ খ্রিস্টাব্দ

## বিষয় : পরীক্ষক নিয়োগের লক্ষ্যে eTIF পূরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এসএসসি ও এইচএসসি পরীক্ষা- ২০২৬ থেকে eTIF এর মাধ্যমে উত্তরপত্র মূল্যায়নের জন্য পরীক্ষক নিয়োগ করা হচ্ছে যা ইতোপূর্বে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হয়েছে। পরীক্ষক হওয়ার জন্য যারা অদ্যাবধি eTIF পূরণ করেননি তারা নিম্নোক্ত উপায়ে আগামী ১৮/০৬/২০২৬ তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। যে সকল শিক্ষকগণ ইতোমধ্যে eTIF এ আবেদন করেছেন এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অনুমোদন করা হয়েছে তারাও উল্লেখিত তারিখের মধ্যে নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করে আবেদনপত্রে প্রয়োজনীয় ডুল-ড্রাফ্টি সংশোধন করতে পারবেন।

উল্লেখ্য, নবম ও দশম শ্রেণী বা উচ্চমাধ্যমিক পর্যায়ে যে শিক্ষক যে বিষয়ে নিয়োগপ্রাপ্ত হয়েছেন কেবলমাত্র সে বিষয় ব্যতীত অন্য বিষয়ে কোনক্রমেই আবেদন করা যাবে না। যারা ডুলক্রমে বিষয় বহির্ভূত আবেদন করেছেন তাঁদেরকেও অবশ্যই নির্দিষ্ট সময়ের মধ্যে বিষয় সংশোধন করতে হবে। বিষয় বহির্ভূত আবেদন Approved করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

### নতুনভাবে আবেদন করার নিয়মাবলী :

১। বোর্ডের esheba হতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের User Id ও Password দিয়ে Login করে eTIF এ ক্লিক করে প্রতিষ্ঠান

প্রধান পরীক্ষক হতে অত্রস্থ শিক্ষকগণের নাম, এনআইডি ও মোবাইল নম্বর এন্ট্রি করে Add করতে হবে।

২। তালিকাভুক্ত শিক্ষকগণের মোবাইলে SMS এর মাধ্যমে প্রাপ্ত Id ও Password ব্যবহার করে বোর্ডের ওয়েবসাইটের

eTIF এ Login করে প্রত্যেক শিক্ষক তাঁর চাহিত সকল তথ্য এন্ট্রি করে সাবমিট করবেন।

৩। প্রতিষ্ঠান প্রধান পুনরায় esheba ম্যানুতে প্রবেশ করে eTIF এ অন্তর্ভুক্ত শিক্ষকগণের সকল তথ্য সঠিকভাবে যাচাই-

বাছাইপূর্বক Approved বাটনে ক্লিক করবেন।

৪। আবেদনকারী শিক্ষকগণ প্রয়োজনে Id ও Password ব্যবহার করে তাঁর আবেদনের অবস্থান সম্পর্কে নিশ্চিত


হতে পারবেন।

### Approved আবেদন সংশোধন করার নিয়মাবলী :

বোর্ডের esheba হতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের User Id ও Password দিয়ে Login করে eTIF এ ক্লিক করলে প্রতিষ্ঠান প্রধান আবেদনকারী সকল শিক্ষকের তালিকা পাবেন। শিক্ষকগণের নামের ডানপাশে Approved বাটনে ক্লিক করলে সংশ্লিষ্ট শিক্ষকের Approved Cancel হয়ে আবেদন পুনরায় তাঁর আইডিতে ফেরত যাবে। তারপর সংশ্লিষ্ট শিক্ষক মোবাইলে প্রাপ্ত আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে আবেদনে প্রয়োজনীয় ডুল সংশোধনপূর্বক (Edit) Save বাটনে ক্লিক করবেন। পূর্বের ন্যায় প্রতিষ্ঠান প্রধান পুনরায় esheba ম্যানুতে প্রবেশ করে সংশ্লিষ্ট শিক্ষকের সংশোধিত তথ্য সঠিকভাবে যাচাই-বাছাইপূর্বক Approved করবেন।

বিষয়টি অতি জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

  
১৮.০৫.২০২৬

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।

প্রধান শিক্ষক/অধ্যক্ষ :

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক  
ও উচ্চমাধ্যমিক স্তরের সকল প্রতিষ্ঠান।

### অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১। সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

৩। অফিস কপি।

